

২০১৬

বাংলা

( সাক্ষাতিক )

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

( নূতন পাঠক্রম )

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) কারক কয় প্রকার ও কী কী ? সংজ্ঞা ও উদাহরণসহ  
বিভিন্ন প্রকার কারকের পরিচয় প্রদান করো । ২ + ১৬

(খ) শব্দার্থ পরিবর্তনের ঋশাগুলির উদাহরণসহ বিস্তৃত পরিচয়  
দাও । ১৫

(গ) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক, রূপতাত্ত্বিক ও  
বাক্যগঠনগত বৈশিষ্ট্য আলোচনা করো । ১৫

(ঘ) বঙ্গালী উপভাষার প্রচলন অঞ্চলগুলির নাম উল্লেখ করে  
এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য  
উদাহরণসহ আলোচনা করো । ১৫

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় রামমোহন রায়ের অবদান আলোচনা  
করো । ৫

(খ) ধ্বনি পরিবর্তনের পাঁচটি কারণের উদাহরণসহ আলোচনা  
করো । ৫

(গ) টীকা লেখো : জোড়কলম শব্দ, মুণ্ডমাল শব্দ ।  $২ \frac{১}{২} + ২ \frac{১}{২}$

(ঘ) শ্রুতিধ্বনি বলতে কী বোঝায় ? বিভিন্ন প্রকার শ্রুতিধ্বনির  
উদাহরণসহ পরিচয় দাও । ১ + ৪

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ২

(ক) ট্রাজেডি কাকে বলে ? ট্রাজেডির বিভিন্ন বৈশিষ্ট্যের উল্লেখ  
করো । ট্রাজেডি কীভাবে আনন্দ দেয় তার সংক্ষিপ্ত  
পরিচয় দাও । ১ + ২ + ৭

(খ) চেতনাপ্রবাহ উপন্যাস বলতে কী বোঝায় আলোচনা  
করো । বাংলায় এই রীতিতে রচিত দুটি উপন্যাসের নাম  
ও রচয়িতার নাম লেখো । ২ + ৪ + ৪

(গ) অ্যাবসার্ড নাটক কাকে বলে ? এর বৈশিষ্ট্য কী ? বাংলা সাহিত্যে যে কোন একটি অ্যাবসার্ড নাটকের নাম, প্রকাশকাল ও নাট্যকারের নাম উল্লেখ করো ।

২ + ৫ + ৩

(ঘ) টীকা লেখো : এলিজি, গীতিকবিতা ।

৫ + ৫

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০ × ১

(ক) টীকা লেখো : সনেট ।

১০

(খ) মাত্রাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো ।

১০

৫। যে কোনো একটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করো : ৫ × ১

(ক) ডুবে গেছে মাঠ, গঞ্জের ঘাট,  
অশখের তলে বসে নাক হাট,  
সারা দিন রাত বৃষ্টির ছাঁট  
ঝরিতেছে একঘেয়ে ।

(খ) পাটের ক্ষেতের ভিতর দিয়ে ঘাটের ডিঙা বাই  
বাঁধের সাথে হাটের সাথে কোন বাঁধন নাই ।  
শিরা-ওঠা ফাটা হাতে হালের গোড়া ধরি,  
আমি শুধু আপনমনে এপার ওপার করি ।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) উপমা অলংকার কাকে বলে ? বিভিন্ন প্রকার উপমা  
অলংকারের উদাহরণসহ বিস্তৃত পরিচয় দাও । ১০

(খ) টীকা লেখো : যমক, সমাসোক্তি । ৫ × ২

৭। যে কোনো একটি অলংকার নির্ণয় করো : ৫

(ক) ভাসিল কনকলক্ষা আনন্দের নীরে  
সুবর্ণ দীপমালিনী রাজেন্দ্রানী যথা  
রত্নহারা ।

(খ) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ  
মৌন অপমানে ।